বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৮১/২০১৭- 127 তারিখ:...... মার্চ, ২০১৯

# আদেশ

যেহেতু, Section 2(cc), Securities and Exchange Commission Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) মোতাবেক "Commission" means Bangladesh Securities and Exchange Commission constituted under the Bangladesh Securities and Exchange Commission Act, 1993 (Act No. 15 of 1993);

যেহেতু, Section 2CC, Securities and Exchange Commission Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 জারি করে;

যেহেতু, কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর বর্ণনা নিম্নরূপ-

"..... Every sponsor shareholder or director or placement holder of a company listed with any stock exchange shall simultaneously submit a written report to the Securities and Exchange Commission and the stock exchange with which the company is listed about his/her/its intention to buy or sell or otherwise dispose off in any manner whatsoever the shares held by him/her/it in that company in the following format: ....."

যেহেতু, Section 2CC, Securities and Exchange Commission Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin dated November 22, 2011 জারি করে;

যেহেতু, কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin dated November 22, 2011 এর বর্ণনা নিম্নরূপ-

"...

d) Each director other than independent director (s) of any listed company shall hold minimum 2% (two percent) shares of the paid up capital, otherwise there shall be a casual vacancy of director;

..."

যেহেতু, 'মোনা গার্মেন্টস লিমিটেড' এর পক্ষে মনোনীত পরিচালক হিসেবে জনাবা গোলাম ফাতেমা তাহেরা খানম 'পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এর পরিচালক; এবং মনোনীত পরিচালক হিসেবে তিনি মোনা গার্মেন্টস



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

লিমিটেড এর পক্ষে বিগত ৩১.১০.২০১৬ইং হতে ১৫.১১.২০১৬ইং তারিখের মধ্যে পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এর ৫,০৯,৭০৯ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়াই বিক্রি করেছেন;

যেহেতু, উপর্যুক্ত পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে 'মোনা গার্মেন্টস লিমিটেড' কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, উপর্যুক্ত শেয়ার বিক্রির মাধ্যমে 'মোনা গার্মেন্টস লিমিটেড' কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin dated November 22, 2011 এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, 'মোনা গার্মেন্টস লিমিটেড' কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের নভেম্বর ২৬, ২০১৮ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৮১/২০১৭-৪৯৯ স্মারকমূলে 'মোনা গার্মেন্টস লিমিটেড'-কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং সংশ্লিষ্টরা ১২ ডিসেম্বর, ২০১৮ইং তারিখে শুনানিতে উপস্থিত হয়ে নিম্নোক্ত ব্যাখ্যা দাখিল করে-

*"...with regret very much to say that some shares of Purabi General Insurance Company Ltd were sold out from the period of 31.10.2016 to 15.11.2016 without prior declaration. It was happened mistakenly and we are really sorry for the inconveniences. Whenever we aware about it we instantly taken all necessary action and paid tax which we had to pay prior to sale. We hope and devoted as well that this type of incident will never happen in future. Please accept our explanation for the mistake and eagerness to declare our commitment to comply constantly all securities laws."*

যেহেতু, শুনানি শেষে আলোচ্য বিষয়ে কমিশনের মতামত নিম্নরূপ-
The explanation of the accused is not acceptable because

I. If the accused Mona Garments Limited (Director of Purabi General Insurance Company Ltd and represented by Mrs. Golam Fatema Tahera Khanam) sold the shares mistakenly, they would have bought back the shares; since there is no incident of buying back the shares which were mistakenly sold, it is evident that they sold the shares without declaration on purpose;
II. The written & oral explanation were also falsified (sold mistakenly) as there was no buying back the shares which were mistakenly sold.

যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, 'মোনা গার্মেন্টস লিমিটেড' কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এর শেয়ার বিক্রি কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এবং SEC/CMRRCD/2009-193/119/Admin dated November 22, 2011 এর সুস্পষ্ট লংঘন; এবং 'মোনা গার্মেন্টস লিমিটেড' তাদের লিখিত বক্তব্যে আনীত অভিযোগ স্বীকার করেছে;



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

যেহেতু, 'পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এর পরিচালক হিসেবে 'মোনা গার্মেন্টস লিমিটেড' সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, 'পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড'-এ জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু 'মোনা গার্মেন্টস লিমিটেড' কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এর শেয়ার বিক্রির কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, 'পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড'-এ বিনিয়গকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, 'মোনা গার্মেন্টস লিমিটেড' আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে 'মোনা গার্মেন্টস লিমিটেড'-কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে 'মোনা গার্মেন্টস লিমিটেড'-কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

২৮/০৬/২০২১

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। মোনা গার্মেন্টস লিমিটেড, পরিচালক, পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd